# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠী-৯০/২৭৯

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারী ২০২৬

**বিষয় : অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পুবর্ক অবহিত করণ প্রসঙ্গে**

সূত্র: জনাব মোঃ শফিকুল ইসলাম এর গত ০৯.১২.২০২৫ তারিখে আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার সদর উপজেলাধীন বালিঘোনা আল মাহবুব তামিরে মিল্লাত দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ তাজাম্মুল হোসাইন আল মারুফ এর নিয়োগ সংক্রান্ত চরম দুর্নীতি, স্বজনপ্রীতি ও স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে আইনগত প্রতিকারের জন্য মোঃ শফিকুল ইসলাম অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)। দাখিলকৃত অভিযোগে বর্ণিত মাদ্রাসায় বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে অনিয়ম হয়েছে এবং উক্ত বিষয়ে ৫৪/২৫ ও ৭৭/২৫নং মামলা দায়ের করা হয়েছে মর্মে অভিযোগকারী তার অভিযোগে উল্লেখ করেন।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্ন স্বাক্ষরকারী-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ....০১.... (..এক...) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৫.০১.২৬
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সভাপতি (ট্রাস্ট ম্যানেজিং কমিটি)
বালিঘোনা আল মাহবুব তামিরে মিল্লাত দাখিল মাদ্রাসা
ঝালকাঠি সদর, ঝালকাঠি।

নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-৯০/

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারী ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঝালকাঠি;
২. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঝালকাঠি;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, বালিঘোনা আল মাহবুব তামিরে মিল্লাত দাখিল মাদ্রাসা, সদর, ঝালকাঠি;
৫. জনাব মোঃ সফিকুল ইসলাম (অভিযোগকারী), সাং-বালিঘোনা, পো: রামচন্দ্রপুর, সদর, ঝালকাঠি;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

০৫.০১.২৬
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখঃ- ০৭/১২/২০২৫

বরাবর
**চেয়ারম্যান**
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার,ঢাকা।

**বিষয়ঃ বালিঘোনা আল মাহবুব তামিরে মিল্লাত দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ তাজাম্মুল হোসাইন আল মারুফ এর মাদরাসায় নিয়োগ সংক্রান্ত চরম দুর্নিতী, স্বজনপ্রতি ও স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে আইনগত প্রতিকারের ব্যবস্থা গ্রহণের আবেদন।**

জনাব,

০১। যথাযথ সম্মান পূর্বক নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারী ১। মোঃ শফিকুল ইসলাম, পিতাঃ আবদুস সোবহান , (অফিস সহকারী কাম কম্পিউটার অপারেট) ২। মোঃ নাঈম, পিতাঃ মোঃ মনজুর হাওলাদার, (পরিচ্ছন্নতা কর্মী) ৩। তানজিলা, পিতাঃ ইউনুস হাওলাদার, (আয়া) সর্ব সাং বালিঘোনা পোঃ রামচন্দ্রপুর ৪। মোঃ ইমরান হাওলাদার, পিতাঃ মালেক হাওলাদার, (নিরাপত্তা কর্মী) সাং হোসেনপুর পোঃ রামচন্দ্রপুর উপজেলা ও জেলাঃ ঝালকাঠি। বিগত ০৭/১০/২০২৪ইং তারিখ দৈনিক জনকন্ঠ ও শতকণ্ঠ পত্রিকায় বিভিন্ন পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পরে ৪৭ জন বিভিন্ন পদে নিয়োগ পাইবার জন্য সুপার, বালিঘোনা আল মাহবুব তামিরে মিল্লাত দাখিল মাদ্রাসা বরাবর আবেদন করি। যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে মাদ্রাসার সুপার স্বাক্ষরিত ইন্টারভিউ কার্ড দেন। উক্ত কার্ডে ২৫/০১/২০২৫ ইং তারিখ গঠিত নিয়োগ বোর্ডে উপস্থিত হইয়া লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করি। উপর উল্লেখিত আমরা ০৪ জন আবেদনকৃত পদে প্রথম স্থান অধিকার করিয়াছি। অতপর নিয়োগ বোর্ডের সদস্যগণ মাদ্রাসার সুপারকে প্রথম স্থান অধিকারীগনকে নিয়োগ পত্র প্রদানের জন্য বলেন। কিন্তু সুপার তার অসৎ উদ্দেশ্য হাসিলের জন্য নিয়োগপত্র প্রদানে কালক্ষেপণ করিতে থাকেন। আমরা তখন নিরূপায় হইয়া বিগত ২৯/০১/২৫ ইং তারিখ অত্র মাদ্রাসার সভাপতি বরাবরে নিয়োগপত্র প্রদানের জন্য আবেদন করি। সভাপতি মহোদয় মাদ্রাসার সুপারকে নিয়োগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লিখে দেন। এরপর আমরা তার কাছে গিয়ে নিয়োগপত্র দিতে বলায় সুপার বলেন কমিটির স্বাক্ষর হয়নি বলে বিভিন্ন অজুহাতে সময় ক্ষেপণ করেন।

০২। প্রসঙ্গত উল্লেখ্য মাদ্রাসার সুপার জনাব মোঃ তাজাম্মুল হোসেইন আল মারুফের অসহযোগিতা ও ষরযন্ত্র মূলক কর্মকাণ্ডের কারণে (নিয়োগ সংক্রান্ত কাগজপত্র বিনষ্ট করার ভয়ে) আমরা বাধ্য হয়ে বিজ্ঞ আদালতে মোকাদ্দমা নং ৫৪/২৫ ও ৭৭/২৫ দায়ের করি। উল্লেখ্য ইতিপূর্বে মাদ্রাসার লেপট্যাপ, প্রিন্টার, বেল ইত্যাদি চুরি হয়ে যাওয়ায় সুপার নিয়োগ সংক্রান্ত কাগজপত্র ও বিনষ্ট করিতে পারে। আমাদের আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালত নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্র তলব করেন যাহ আদালতের নির্দেশে মূল কপি বিজ্ঞ আদালতে জিম্মায় জমা নেন। অতপর কোর্ট থেকে সমন জারি করে এ পর্যন্ত হাজিরা ও জবাব দাখিলের জন্য ০৯ টি তারিখ অতিক্রম হয়েছে। কিন্তু সুপার সশরীরে হাজির হয়নি এবং কোন জবাব দেননি। এমতাবস্থায় মামলার দীর্ঘসুত্রিতা দেখে আমরা মহোদয়ের সরণাপন্ন হতে বাধ্য হয়েছি।প্রকাশ থাকে যে আমাদের নিয়োগ ও যোগদানের ব্যবস্থা করা হলে আমরা মামলা প্রত্যাহার করে নিব।

০৩। উল্লেখ্য সুপার সাহেবের ছেলে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে আবেদন করেন। সভাপতি মহোদয় সুপারকে বলেন আপনার ছেলে যদি পরীক্ষা অংশগ্রহণ করে, আপনি নিয়োগ পরীক্ষায় থাকতে পারবেন না, একথা শুনে ছেলেকে নিয়োগ পরীক্ষা দিতে দেয়া হয়নি । নিয়োগ হওয়ার পর আমাদের নিয়োগ বোর্ড সুপারিশ করায় সুপার এর কাছে আমরা বারবার নিয়োগপত্র চাইতে গেলে বিভিন্ন অজুহাত দিতে থাকেন। সুপার মাদ্রাসা কমিটির শিক্ষক সদস্য এ.কে.এম.সাইফুল ইসলামকে নিয়ে সভাপতি মহোদয়ের কাছে আসেন।শিক্ষক সদস্য সাইফুল ইসলাম সভাপতি মহোদয় কে বলেন স্যার বিভিন্ন জায়গায় নিয়োগ পরীক্ষায় কমিটির সদস্যদের স্বাক্ষরের জন্য ৫০ হাজার অথবা এক লক্ষ টাকা দেওয়া হয় । আমাদের কিছু দেবে না সভাপতি সাহেব বলেন তারা টাকা দিবে কেন । এই কথা শুনে সুপার শিক্ষক সদস্যকে নিয়ে চলে যান । পরবর্তীতে এলাকায় যাহারা পরীক্ষায় উত্তীর্ণ হয়নি তাদেরকে কুপরামর্শ দিয়ে মাদ্রাসার নাম মাদ্রাসা সম্মূখ থেকে মুছে ফেলে দেয়।

এমতাবস্থায়, জনাবের নিকট আকুল আবেদন যাহাতে উপরে বর্ণিত বিষয়ে সুবিবেচনা করে আমরা অনতিবিলম্বে স্ব স্ব পদে নিয়োগ ও যোগদান করতে পারি সে বিষয় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করেছি।

নিবেদক
আপনার একান্ত অনুগত

১। মোঃ শফিকুল ইসলাম
২। মোঃ নাঈম
৩। মোঃ ইমরান হাওলাদার
৪। তানজিলা

**সংযুক্তঃ-**
১। পেপার বিজ্ঞপ্তির অনুলিপি।
২। স্বাক্ষাৎকার গ্রহণের অনুলিপি।
৩। ফলাফল বিবরণী অনুলিপি।
৪। টিচার্স সিলেকশন রেজিষ্টারের নিয়োগ কমিটির সুপারিশকৃত অনুলিপি।
৫। নিয়োগ সংক্রান্ত রেজুলিউশন অনুলিপি।
৬। ২৯/০১/২৫ ইং তারিখের সভাপতি বরাবরে আবেদনের অনুলিপি।